দৈনিক ইত্তেফাক

NOV. 17 2001
তারিখ ...
পৃষ্ঠা ১৬ কলাম ১

*ঢাকা বিশ্ববিদ্যালয়*

# ১৮ নভেম্বরের মধ্যে বহিরাগতদের হল ত্যাগের নির্দেশ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** বহিরাগত অছাত্রদের আগামী ১৮ নভেম্বরের মধ্যে বেরিয়ে যাওয়ার নির্দেশ দেয়া হয়েছে। গত বৃহস্পতিবার রাত্রে ভিসি অধ্যাপক আনোয়ারউল্লাহ চৌধুরীর সভাপতিত্বে প্রশাসনিক ভবনে প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির এক সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় বিশ্ববিদ্যালয়ের হল পরিস্থিতি পর্যালোচনার পর ক্যাম্পাসে সক্রিয় ছাত্র সংগঠনগুলোকে শান্তিপূর্ণ সহাবস্থান নিশ্চিত করার আহ্বান জানান হয়। সভায় প্রোভিসি অধ্যাপক জেড এন তাহমিদা বেগম, আবাসিক হলসমূহের প্রভোস্টবৃন্দ এবং প্রক্টর অধ্যাপক নজরুল ইসলাম উপস্থিত ছিলেন।